

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিষদ  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।  
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় : বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।  
সভার তারিখ : ০৯ মার্চ, ২০২২ খ্রিঃ।  
সময় : বেলা ১২.৩০ ঘটিকা।  
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।  
সভাপতি : ছালেহা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দৃষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন রোজার মাসে নিত্য পণ্যদ্রব্যের বাজার মূল্য সহনীয় রাখার প্রয়োজন। কিছু ব্যবসায়ী রোজার মাসে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধির মাধ্যমে বিক্রি করে অধিক মুনাফা অর্জন করার চেষ্টা করে। এতে জনসাধারণ প্রতারিত হচ্ছে মর্মে তিনি জানান।


ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন বাজারমূল্য সহনীয় রাখতে হলে প্রতিটি দোকানে দ্রব্যমূল্যের তালিকা টাঙ্গানো প্রয়োজন। এতে ক্রেতাগণ দ্রব্যের মূল্য সম্পর্কে অবগত হতে পারবে এবং ন্যায্যমূল্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্য ক্রয় করতে পারবে। প্রতারিত হওয়ার সুযোগ কম থাকবে মর্মে তিনি জানান।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার বলেন এ উপজেলার জনগণকে নিরাপদ খাদ্য ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন এবং বাজার মূল্য নিয়ন্ত্রণ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ করানো প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।

সিদ্ধান্ত :

ক্রঃ নং	প্রকল্পের নাম	মন্তব্য
০১	নিত্য পণ্যদ্রব্যের বাজার মূল্য সহনীয় রাখার এবং প্রতিটি দোকানে দ্রব্যমূল্যের তালিকা টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।	
০২	নিরাপদ খাদ্য ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন এবং বাজার মূল্য নিয়ন্ত্রণ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।


  
( ছালেহা বেগম )  
সভাপতি

বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং নিয়ন্ত্রণ কমিটি ও  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।  
তারিখঃ- ০৯/৩/২০২২ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৯-১৭১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
- অনুলিপি সদয় কার্যার্থে :
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৫। উপজেলা ..... অফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৬। চেয়ারম্যান, ..... ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৭। সংরক্ষণ নথি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।